

কোন বোর্ডে পাসের হার কত

নিজস্ব প্রতিবেদক

৮ ফেব্রুয়ারি ২০২৩ ০২:১৭

1
Shares

পিএম | আপডেট: ৮

ফেব্রুয়ারি ২০২৩ ০২:১৭

পিএম



advertisement

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ। আজ বুধবার বেলা সোয়া ১১টায় এ ফল প্রকাশ করা হয়।

১১টি শিক্ষা বোর্ডের অধীনে ১১ লাখ ৭৭ হাজার ৩৮৭ জন শিক্ষার্থী এবার পরীক্ষায় অংশ নেয়। তাদের মধ্যে ১০ লাখ ১১ হাজার ৯৮৭ জন পাস করেছে। সার্বিক পাসের হার ৮৫.৯৫ শতাংশ। ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে পাসের হার ৮৪.৩১ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৫৯ হাজার ৭৫৫ জন।

advertisement

মাদ্রাসা বোর্ডে পাসের হার ৯২.৫৬ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ৯ হাজার ৪২৩ জন। আর কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার ৯৪.৪১ শতাংশ, জিপিএ-৫ পেয়েছে ৭ হাজার ১০৪ জন।

advertisement 4

প্রকাশিত ফলাফলে দেখা গেছে, এ বছর ঢাকা শিক্ষা বোর্ডে পাসের হার ৮৭ দশমিক ৮৩ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ৬২ হাজার ৪২১ জন। যশোর বোর্ডে পাসের হার ৮৩.৯ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ১৮ হাজার ৭০৬ জন। বরিশাল বোর্ডে পাসের হার ৮৬.৯৫ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ৭ হাজার ৩৮৬ জন। সিলেট বোর্ডে পাসের ৮১.৪০ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ৪ হাজার ৮৭১ জন। রাজশাহী বোর্ডে পাসের হার ৮১.৫৯ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ২১ হাজার ৮৫৫ জন। চট্টগ্রাম বোর্ডে পাসের হার ৭৮.৭৬ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ১২ হাজার ৬৭০ জন। কুমিল্লা বোর্ডে পাসের হার ৯০.৭ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ১৪ হাজার ৯৯১ জন। ময়মনসিংহ বোর্ডে পাসের হার ৭৭.০৩ শতাংশ, জিপিএ ৫ পেয়েছেন ৭ হাজার ১৭৯ জন। দিনাজপুরে পাসের হার ৭৯ দশমিক ০৬ শতাংশ, জিপিএ-৫ পেয়েছেন ১১ হাজার ৮৩০ জন। আর মাদ্রাসা বোর্ডে পাসের হার ৯২ দশমিক ৬ শতাংশ ও কারিগরি বোর্ডে পাসের হার ৯৪.৪১ শতাংশ।

| বোর্ডগুলোতে পাসের হার ও জিপিএ-৫ | | |
|---------------------------------|---------------|---------|
| বোর্ড | পাসের হার (%) | জিপিএ-৫ |
| ঢাকা | ৮৭.৮৩ | ৬২,৪২১ |
| রাজশাহী | ৮১.৫৯ | ২১,৮৫৫ |
| কুমিল্লা | ৯০.৭ | ১৪,৯৯১ |
| যশোর | ৮৩.৯ | ১৮,৭০৬ |
| চট্টগ্রাম | ৭৮.৭৬ | ১২,৬৭০ |
| বরিশাল | ৮৬.৯৫ | ৭,৩৮৬ |
| সিলেট | ৮১.৪ | ৪,৮৭১ |
| দিনাজপুর | ৭৯.০৬ | ১১,৮৩০ |
| ময়মনসিংহ | ৭৭.০৩ | ৭,১৭৯ |
| মাদ্রাসা | ৯২.৫৬ | ৯,৪২৩ |
| কারিগরি | ৯৪.৪১ | ৭,১০৪ |

এর আগে বেলা ১১টার দিকে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এইচএসসির ফল হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী ও বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানরা। এ সময় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী উপস্থিত ছিলেন।

1
Shares

advertisement